DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 12:26 AM

জাতীয়

# রাষ্ট্রপতি নির্বাচন, ডাকা হচ্ছে সংসদের বিশেষ অধিবেশন

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শনিবার, ০৮ আগস্ট ২০২৬, ১০:২৪ AM



দেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচন সম্পন্ন করতে জাতীয় সংসদের একটি বিশেষ অধিবেশন আহ্বান করা হচ্ছে। সরকারের পক্ষ থেকে এই স্বল্পমেয়াদি বিশেষ অধিবেশন ডাকার প্রস্তুতি নেওয়া হলেও এটি ঠিক কবে থেকে শুরু হবে, তা এখনও চূড়ান্ত করা হয়নি।

বৃহস্পতিবার সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এই তথ্য নিশ্চিত করেছেন সরকারি দলের চিফ হুইপ নুরুল ইসলাম মনি।

চিফ হুইপ বলেন, রাষ্ট্রপতি নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সংসদের একটি বিশেষ অধিবেশন ডাকার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে অধিবেশন আহ্বানের সুনির্দিষ্ট তারিখটি পরবর্তী সময়ে জানানো হবে।

এর আগে বৃহস্পতিবারই বহুল প্রতীক্ষিত ২৩তম রাষ্ট্রপতি নির্বাচনের আনুষ্ঠানিক তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। এই নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন রিটার্নিং কর্মকর্তার দায়িত্ব পালন করবেন বলে কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে।

ঘোষিত তফসিল অনুযায়ী, আগামী ১৩ আগস্ট রাষ্ট্রপতি পদের জন্য মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ধার্য করা হয়েছে। এরপর ১৬ আগস্ট

মনোনয়নপত্র যাচাই-বাছাই করা হবে এবং প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় নির্ধারণ করা হয়েছে ১৮ আগস্ট।

সব প্রক্রিয়া শেষে আগামী ২০ আগস্ট দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জাতীয় সংসদের অধিবেশন কক্ষে এই নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

দেশের সাংবিধানিক নিয়ম অনুযায়ী, জাতীয় সংসদের সংসদ সদস্যরা গোপন ব্যালটের মাধ্যমে ভোট দিয়ে দেশের নতুন রাষ্ট্রপতি নির্বাচন করবেন। তবে যাচাই-বাছাই শেষে যদি মাত্র একজন বৈধ প্রার্থী থাকেন, সেক্ষেত্রে আইন অনুযায়ী ভোটগ্রহণের প্রয়োজন হবে না এবং বিনা প্রতিদ্বন্দ্বিতায় তিনি নির্বাচিত ঘোষিত হবেন।

উল্লেখ্য, গত ২৪ জুলাই সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন পদত্যাগ করার পর থেকে রাষ্ট্রপতির পদটি শূন্য রয়েছে। বর্তমানে সাংবিধানিক বাধ্যবাধকতা অনুযায়ী জাতীয় সংসদের স্পিকার অবসরপ্রাপ্ত মেজর হাফিজ উদ্দিন আহমদ (বীর বিক্রম) অস্থায়ীভাবে রাষ্ট্রপতির দায়িত্ব পালন করছেন।

---

## এ বিভাগের আরও খবর



**গ্যাস-সংকট কাটাতে ২ বছর সময় লাগবে: বাণিজ্যমন্ত্রী**
গ্যাস সংকটের কারণে শিল্প-কারখানায় যে দুর্ভোগ তৈরি হয়েছে, তা দীর্ঘদিনের উত্তরাধিকার সূত্রে পাওয়া সমস্যা বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী খন্...




**ন্যায়বিচার নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব: আইনমন্ত্রী**
ন্যায়বিচারে প্রবেশাধিকার নিশ্চিত করা মানবাধিকার নিশ্চিত করারই অংশ বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি...



### সংসদ অধিবেশনে আসছে ১০ বছরের জ্বালানি পরিকল্পনা: প্রধানমন্ত্রী

দেশের বিদ্যুৎ ও জ্বালানি সংকট সমাধানে আগামী ২৭ তারিখে শুরু হতে যাওয়া সংসদ অধিবেশনে ১০ বছর মেয়াদি পরিকল্পনা উপস্থাপনের ঘোষণা দিয়েছেন প্রধানমন...




### আগামীকাল কিশোরগঞ্জে ইমাম-মুয়াজ্জিনদের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী

কিশোরগঞ্জে মসজিদের ইমাম-মুয়াজ্জিনসহ অন্যান্য উপাসনালয়ের সেবকদের চলতি অর্থবছরের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।রবিবার (১৬ আগস্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/rashtrpti-nirbachn-daka-hchchhe-sngsder-bishesh-odhibeshn